



Website

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশিক্ষণ অধিশাখা
www.mof.gov.bd



স্মারক নম্বর- ০৭.০০.০০০০.১৯০.২৫.০০৫.২৩-৩৪১

তারিখ: ০২ আশ্বিন ১৪৩০
১৭ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: ৩০তম “Fiscal Economics and Economic Management (FEEM)” শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য কর্মকর্তা মনোনয়ন।

সূত্র: আইপিএফ এর স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০০.২৫.০০৩.২৩-২১১; তারিখ: ১১/০৯/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের আওতাধীন Institute of Public Finance Bangladesh (IPF), ১ম ১২ তলা সরকারি ভবন, ৮ম তলা, সেগুনবাগিচা, ঢাকা-তে আগামী ০৩ ডিসেম্বর ২০২৩ তারিখ হতে ১০ (দশ) সপ্তাহব্যাপী (কর্মদিবস) ৩০তম “Fiscal Economics and Economic Management (FEEM)” শীর্ষক পূর্ণকালীন প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে।

০২। উক্ত কোর্সে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও তাঁদের অধীন দপ্তর এবং মাঠ পর্যায়ে কর্মরত চাকুরিতে স্থায়ী সহকারী সচিব, সিনিয়র সহকারী সচিব এবং উপসচিব/সমপর্যায়ের ক্যাডার কর্মকর্তাগণ (৩১ অক্টোবর ২০২৩ তারিখে বয়স অনূর্ধ্ব ৪৫ বছর) আবেদন করতে পারবেন। অর্থনীতি, হিসাব বিজ্ঞান, ব্যবসা প্রশাসন, ব্যবস্থাপনা, ফিন্যান্স, পরিসংখ্যান, গণিত এবং আর্থিক ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রিপ্ৰাপ্ত কর্মকর্তাগণ এ কোর্সের জন্য অগ্রাধিকার পাবেন। অর্থনৈতিক ব্যবস্থাপনা, অর্থ ব্যবস্থাপনা, উন্নয়ন পরিকল্পনা, বাজেটিং, একাউন্টিং এবং অডিটিং বিষয়ে পর্যাপ্ত কর্ম অভিজ্ঞতাসম্পন্ন ও ইংরেজি ভাষায় দক্ষতাসম্পন্ন কর্মকর্তাগণ এ কোর্সের জন্য সবচেয়ে উপযোগী। FEEM কোর্সের অংশ হিসেবে ভারতের নয়াদিল্লীস্থ IMF-SARTTAC-এ সংযুক্ত থেকে ০৫ (পাঁচ) দিনের আবশ্যিক প্রশিক্ষণেরও ব্যবস্থা রয়েছে। তাছাড়া, মূল্যায়ন পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রথম ১০ (দশ) জন প্রশিক্ষার্থীকে ০১ (এক) বছর মেয়াদি বিদেশে উচ্চতর অধ্যয়নে (মাস্টার্স কোর্স) প্রেরণ করা হবে।

০৩। উল্লেখ্য, যে সকল কর্মকর্তা ইতোমধ্যে FEEM কোর্সে অংশগ্রহণ করেছেন তারা পুনরায় এ কোর্সে আবেদনের জন্য বিবেচিত হবেন না এবং যারা ইতোমধ্যে বিদেশে মাস্টার্স/পিএইচডি পর্যায়ে অধ্যয়ন ও ডিগ্রিপ্ৰাপ্ত হয়েছেন তারা এ কোর্সে আবেদন করতে পারবেন, তবে এ কোর্সের আওতায় বিদেশে উচ্চতর অধ্যয়নের জন্য মনোনীত হবেন না।

০৪। উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর মন্ত্রণালয়/বিভাগ/অধীন দপ্তর/সংস্থায় কর্মরত উল্লিখিত যোগ্যতাসম্পন্ন আগ্রহী কর্মকর্তাগণের মনোনয়ন আগামী ৩১ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে সরাসরি উপসচিব, প্রশিক্ষণ অধিশাখা (ভবন-১১, লেভেল-১৬, কক্ষ নম্বর-১৭১৪), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-তে এবং ই-মেইলে (trainingsection.fd@gmail.com) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। আবেদনের নির্ধারিত ফরম, বিজ্ঞপ্তির কপি অর্থ বিভাগের ওয়েবসাইট (www.mof.gov.bd এর Local training) এ পাওয়া যাবে। উল্লেখ্য যে, যথাযথ কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষরবিহীন, অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।

০৫। এমতাবস্থায়, মনোনয়ন প্রস্তাব পাওয়ার পর অর্থ বিভাগ কর্তৃক চূড়ান্তভাবে মনোনীত কর্মকর্তাগণ বর্ণিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন। চূড়ান্ত মনোনয়ন আদেশ কোর্স শুরুর পূর্বে অর্থ বিভাগের Website হতে সংগ্রহ করা যাবে। উক্ত কোর্স সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য মিজ এলিশ শরমিন, উপ-পরিচালক (উপসচিব), আইপিএফ এর সাথে যোগাযোগ (মোবাইল-০১৭৩০-২৩১৪২৭) করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মতস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	
সচিবের দপ্তর	
ডায়েরী নং: ৩১৩৭	তারিখ: ২৫/০৯/২৩
অতিসচিব প্রাণি-২/মতস্য/পরিকল্পনা	০ অবিলম্বে ব্যবস্থা দিন
যুগ্মসচিব: প্রাণি-১/ আইন/	০ প্রয়োজনীয় ব্যবস্থা দিন
যুগ্মসচিব: রু-ই/প্রশা-২/পরিকল্পনা-১/২	০ উপস্থাপন করুন
উপসচিব: / বাজেট	০ আলোচনা করুন
সচিবের একান্ত সচিব	০ মন্তব্য/ মতামত দিন

Roushan cta
২৫/৯/২০২৩
রোশন আরা লাভনী
উপসচিব
ফোন: ৫৫১০১৩১৪

E-mail: trainingsection@mof.gov.bd	
মতস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	
অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর	
ডায়েরী নং: ৩৫৭৬	তারিখ: ২৪/০৯/২৩
যুগ্মসচিব: আইন/বাজেট/প্রশাসন-১/২/৩/৪	
উপসচিব: আইন/বাজেট/প্রশাসন-১/২/৩/৪	
কাউন্সিল অফিসার	
সহকারী সচিব : প্রশাসন-৪	

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ১৭/৭ কাউন্সিল অফিসার, ঢাকা
৪. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৬. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা